# বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) আইন, ২০১০

## সূচি

**ধারাসমূহ**

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন
২। সংজ্ঞা
৩। ব্যান্সডক প্রতিষ্ঠা
৪। ব্যান্সডকের প্রধান কার্যালয়
৫। ব্যান্সডক এর কার্যাবলী
৬। পরিচালনা ও প্রশাসন
৭। পরিচালনা বোর্ড
৮। বোর্ডের সভা
৯। মহাপরিচালক
১০। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ
১১। কমিটি
১২। ব্যান্সডক এর তহবিল
১৩। বাজেট
১৪। হিসাব রক্ষণ ও নিরীক্ষণ
১৫। প্রতিবেদন
১৬। ক্ষমতা অর্পণ
১৭। বিধি প্রণয়নের ক্ষমতা
১৮। প্রবিধান প্রণয়নের ক্ষমতা
১৯। Bangladesh National Scientific and Technical Documentation Centre (BANSDOC) এবং জাতীয় বিজ্ঞান গ্রন্থাগার বিলোপ, ইত্যাদি
২০। রহিতকরণ ও হেফাজত

---

# বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) আইন, ২০১০

২০১০ সনের **১১** নং আইন

[১৮ই মার্চ, ২০১০]

**বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (BANSDOC/ব্যান্সডক) নামে একটি জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র প্রতিষ্ঠা করিবার লক্ষ্যে প্রণীত আইন।**

যেহেতু, বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) নামে একটি জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র প্রতিষ্ঠাকল্পে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন

**১**। (১) এই আইন বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র বাংলাদেশের জন্য প্রযোজ্য হইবে।

(৩) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

**২**। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(২) "বোর্ড" অর্থ ব্যান্সডক এর পরিচালনা বোর্ড;

(৩) "ব্যান্সডক" অর্থ বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার;

(৪) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৫) "মহাপরিচালক" অর্থ ব্যান্সডক এর মহাপরিচালক; এবং

(৬) "সভাপতি" অর্থ ব্যান্সডক এর পরিচালনা বোর্ডের সভাপতি।

ব্যান্সডক প্রতিষ্ঠা

**৩**। (১) এই আইন কার্যকর হইবার পর, এই আইনের বিধান অনুযায়ী সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) নামে একটি সংস্থা প্রতিষ্ঠা করিবে।

(২) ব্যান্সডক একটি স্বায়ত্তশাসিত সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইন ও বিধি সাপেক্ষে, উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও উহা হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উহার নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

ব্যান্সডকের প্রধান কার্যালয়

**৪।** ব্যান্সডক এর প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং উহা, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমতিক্রমে, দেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

ব্যান্সডক এর কার্যাবলী

**৫।** (১) ব্যান্সডক এর কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা :-

(ক) প্রাকৃতিক বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, চিকিৎসা, প্রকৌশল, শিল্প, প্রযুক্তি, বৈজ্ঞানিক গবেষণা এবং নিরীক্ষামূলক উন্নয়নের সকল ক্ষেত্রে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ, সম্পাদনা ও বিতরণ;

(খ) গবেষণা প্রতিষ্ঠান, একাডেমিক প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত শিল্প অথবা অন্য কোন সেক্টরে কর্মরত গবেষকগণকে তাহাদের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ; এবং

(গ) গবেষক, নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও ব্যবস্থাপকদের জন্য তথ্য প্রাপ্তির ব্যবস্থা করা।

(২) উপ-ধারা (১) এর অধীন কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে ব্যান্সডক কর্তৃক গ্রহণীয় পদক্ষেপসমূহ হইবে নিম্নরূপ, যথা :-

(ক) বিবলিওগ্রাফিক সার্ভিস প্রদান;

(খ) সংশ্লিষ্ট প্রকাশনার অনুলিপি সংগ্রহ ও বিতরণ;

(গ) বিজ্ঞানী ও গবেষকদের মধ্যে সংযোগ সার্ভিস প্রদান;

(ঘ) অনুবাদ সার্ভিসে সহায়তা প্রদান;

(ঙ) ফটো-রিপ্রোগ্রাফিক সার্ভিস প্রদান;

(চ) কম্পিউটার ও ইন্টারনেট সার্ভিস প্রদান;

(ছ) সার্ক ডকুমেন্টেশন সার্ভিসে সহযোগিতা প্রদান;

(জ) ফটোস্ট্যাট সার্ভিস প্রদান;

(ঝ) প্রকাশনা সার্ভিস প্রদান;

(ঞ) প্রদর্শনী, সম্মেলন, সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণের আয়োজন এবং প্রযোজ্য ক্ষেত্রে কৃতি প্রশিক্ষণার্থীদিগকে পুরস্কার প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি ও মানবসম্পদ উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনমূলক কার্যক্রম গ্রহণ;

(ট) ওয়েবপেজ ভিত্তিক গবেষণাধর্মী তথ্য সরবরাহ;

(ঠ) বিজ্ঞানী এবং পেশাজীবীদের গবেষণা ও কার্যক্রমকে সহযোগিতা ও পৃষ্ঠপোষকতা প্রদান;

(ড) ডিজিটাল লাইব্রেরী সার্ভিস প্রদান;

(ঢ) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তথ্য বিনিময়;

(ণ) লাইব্রেরী ও তথ্য ব্যবস্থাপনার জন্য ইন্টার্নশীপ;

(ত) জাতীয় পর্যায়ে পুস্তক প্রদর্শনী বা গ্রন্থমেলার আয়োজন ও অংশগ্রহণ;

(থ) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উন্নয়ন ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং এই সংক্রান্ত পরামর্শসেবা (Consultancy Service) প্রদান;

(দ) ব্যান্সডক এর কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বিদেশী যে কোন প্রতিষ্ঠানের সহিত চুক্তি সম্পাদন; এবং

(ধ) সরকার কর্তৃক এতদ্‌সংক্রান্ত বিষয়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলী সম্পাদন।

পরিচালনা ও প্রশাসন

**৬।** (১) ব্যান্সডক এর পরিচালনা ও প্রশাসনের দায়িত্ব একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ব্যান্সডক যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে, পরিচালনা বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) ব্যান্সডক উহার কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত নীতি অনুসরণ করিবে।

পরিচালনা বোর্ড

**৭।** (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত ১৪ (চৌদ্দ) জন সদস্য সমন্বয়ে ব্যান্সডক এর একটি পরিচালনা বোর্ড গঠিত হইবে, যথা :-

(ক) বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) অর্থ বিভাগ এর একজন যুগ্ম-সচিব;

(গ) সংস্থাপন মন্ত্রণালয় এর একজন যুগ্ম-সচিব;

(ঘ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের একজন যুগ্ম-সচিব;

(ঙ) বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব;

(চ) বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের চেয়ারম্যান;

(ছ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান;

(জ) সরকার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক;

(ঝ) সরকার কর্তৃক মনোনীত যে কোন পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক;

(ঞ) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এর চেয়ারম্যান;

(ট) সরকার কর্তৃক মনোনীত বিজ্ঞান ও গবেষণা কাজে অবদান রহিয়াছে এইরূপ ৩ (তিন) জন ব্যক্তি; এবং

(ঠ) ব্যান্সডক এর মহাপরিচালক, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ট) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য সদস্য পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে, যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে উক্তরূপ কোন সদস্যকে তাহার পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবেঃ

আরও শর্ত থাকে যে, কোন মনোনীত সদস্য সরকারের উদ্দেশ্যে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন।

বোর্ডের সভা

**৮**। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্য পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ড প্রতি ৩ (তিন) মাসে অন্যূন একবার সভায় মিলিত হইবে।

(৩) বোর্ডের সভাপতির নির্দেশে সকল সভা নির্ধারিত তারিখ, সময় ও স্থানে সদস্য-সচিব কর্তৃক আহূত হইবে।

(৪) বোর্ডের সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৫) বোর্ডের সভাপতি সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে উপস্থিত তদ্‌কর্তৃক মনোনীত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৬) প্রত্যেক সদ্যস্যের একটি ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) প্রত্যেক সভার কার্যবিবরণী সংরক্ষণ, সদস্যদের নিকট প্রেরণ এবং পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করিতে হইবে।

(৮) শুধুমাত্র কোন সদস্যপদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকিবার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা বাতিল বা অবৈধ হইবে না এবং তদ্‌সম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

মহাপরিচালক

**৯**। (১) ব্যান্সডক এর একজন মহাপরিচালক থাকিবেন।

(২) মহাপরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) মহাপরিচালক ব্যান্সডক এর সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হইবেন এবং তিনি-

(ক) বোর্ড কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিবেন;

(খ) বোর্ডের যাবতীয় সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন;

(গ) ব্যান্সডক এর চাকুরী প্রবিধানমালা ও তফসিল অনুযায়ী তিনি কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ, পদোন্নতি, সাধারণ আচরণ ও শৃঙ্খলা কার্যকর করিবেন; এবং

(ঘ) ব্যান্সডক এর অভ্যন্তরীণ প্রশাসন ও পরিচালনা বোর্ডের নির্দেশ মোতাবেক অন্যান্য কার্য সম্পাদন করিবেন।

কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ

**১০**। সরকার কর্তৃক অনুমোদিত অর্গানোগ্রাম সাপেক্ষে, ব্যান্সডক উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাঁহাদের নিয়োগ ও চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

কমিটি

**১১**। ব্যান্সডক উহার দায়িত্ব পালনে উহাকে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনবোধে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

ব্যান্সডক এর তহবিল

**১২**। (১) ব্যান্সডক এর একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত উৎস হইতে অর্থ জমা হইবে, যথাঃ-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত মঞ্জুরী বা অনুদান;

(খ) প্রকাশনা ও অনুবাদ সার্ভিস হইতে অর্জিত অর্থ বা রয়ালটি;

(গ) ব্যান্সডক এর অর্থ বিনিয়োগের মাধ্যমে অর্জিত অর্থ এবং উহার স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিক্রয়লব্ধ অর্থ;

(ঘ) সরকারের পূর্বানুমোদনক্রমে কোন বিদেশী সরকার, আন্তর্জাতিক প্রতিষ্ঠান বা সংস্থা হইতে প্রাপ্ত অনুদান;

(ঙ) সরকারের পূর্বানুমোদনক্রমে গৃহীত ঋণ; এবং

(চ) অন্য কোন বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) এই তহবিলের সকল অর্থ কোন তফসিলি ব্যাংকে ব্যান্সডকের নামে রাখা হইবে এবং বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তহবিল পরিচালনা করা হইবে।

**ব্যাখ্যা।-** "তফসিলি ব্যাংক" বলিতে Bangladesh Bank Order, 1972 (P.O. 127 of 1972) এর Article 2 (J) তে সংজ্ঞায়িত Schedule Bank কে বুঝাইবে।

(৩) এই তহবিল হইতে সরকারের নিয়ম-নীতি, বিধি-বিধান অনুসরণক্রমে ব্যান্সডকের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যাইবে।

(৪) বোর্ড তহবিলের অর্থ সরকার কর্তৃক অনুমোদিত কোন খাতে বিনিয়োগ করিতে পারিবে।

বাজেট

**১৩।** ব্যান্সডক প্রতি বৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে সম্ভাব্য আয়-ব্যয়সহ পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে ব্যান্সডকের কি পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহারও উল্লেখ থাকিবে।

হিসাব রক্ষণ ও নিরীক্ষণ

**১৪।** (১) ব্যান্সডক যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং ব্যান্সডকের হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক হিসেবে অভিহিত, প্রতি বৎসর ব্যান্সডক এর হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও ব্যান্সডক এর নিকট প্রেরণ করিবেন।

(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ব্যান্সডক এর এতদ্‌সংক্রান্ত সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, বিনিয়োগ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং ব্যান্সডক এর যে কোন সদস্য বা কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসা করিতে পারিবেন।

প্রতিবেদন

**১৫।** (১) প্রতি অর্থ বৎসর শেষ হইবার পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে ব্যান্সডক তদ্‌কর্তৃক উক্ত অর্থ বৎসরে সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার, প্রয়োজনবোধে, ব্যান্সডকের নিকট হইতে যে কোন সময় ব্যান্সডকের যে কোন বিষয়ের উপর প্রতিবেদন এবং বিবরণী আহ্বান করিতে পারিবে এবং ব্যান্সডক উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

(৩) সরকার যে কোন সময় ব্যান্সডকের কর্মকাণ্ড অথবা যে কোন প্রকার অভিযোগের বিষয়ে তদন্ত অনুষ্ঠানের নির্দেশ দিতে পারিবে।

ক্ষমতা অর্পণ

**১৬।** মহা-পরিচালক প্রয়োজনবোধে এবং তদ্‌কর্তৃক নির্ধারিত শর্তসাপেক্ষে, এই আইনের অধীন তাহার উপর অর্পিত যে কোন ক্ষমতা বা দায়িত্ব লিখিত আদেশ দ্বারা ব্যান্সডক এর কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

বিধি প্রণয়নের ক্ষমতা

**১৭।** এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

প্রবিধান প্রণয়নের ক্ষমতা

**১৮।** এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে, ব্যান্সডক, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

Bangladesh National Scientific and Technical Documentation Centre (BANSDOC) এবং জাতীয় বিজ্ঞান গ্রন্থাগার বিলোপ, ইত্যাদি

**১৯।** এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে–

(ক) Bangladesh National Scientific and Technical Documentation Centre (BANSDOC) এবং জাতীয় বিজ্ঞান গ্রন্থাগার, অতঃপর যথাক্রমে বিলুপ্ত প্রতিষ্ঠানদ্বয় বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(খ) বিলুপ্ত প্রতিষ্ঠানদ্বয় এর সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার ব্যান্সডক এর নিকট হস্তান্তরিত হইবে এবং ব্যান্সডক ইহার অধিকারী হইবে;

(গ) বিলুপ্ত প্রতিষ্ঠানদ্বয় এর সকল ঋণ, দায় ও দায়িত্ব ব্যান্সডক এর ঋণ, দায় ও দায়িত্ব বলিয়া গণ্য হইবে;

(ঘ) কোন চুক্তি, দলিল বা চাকুরীর শর্তে যাহাই থাকুক না কেন, বিলুপ্ত প্রতিষ্ঠানদ্বয়ে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারী ব্যান্সডক এ স্থানান্তরিত হইবেন এবং তাহারা উক্তরূপ স্থানান্তরিত হইবার পূর্বে যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন সেই একই শর্তে ব্যান্সডক এর চাকুরীতে নিয়োজিত থাকিবেন; এবং

(ঙ) কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরীর সুযোগ-সুবিধা প্রবিধিমালা দ্বারা নির্ধারিত হইবে, তবে প্রবিধানমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত সরকারী বিধি-বিধান প্রযোজ্য হইবে।

রহিতকরণ ও হেফাজত

**২০।** (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Bangladesh National Scientific and Technical Documentation Centre (BANSDOC) এবং জাতীয় বিজ্ঞান গ্রন্থাগার প্রতিষ্ঠা সংক্রান্ত প্রজ্ঞাপন বা অন্য কোন দলিল, উহা যে নামেই অভিহিত হোক না কেন, এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত প্রজ্ঞাপন বা অন্য কোন দলিল এর অধীন কৃত সকল কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।